(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সরবরাহ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www: mofood.gov.bd

নম্বর: ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০.২০৫

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
৯ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**পরিপত্র**

বিষয়: **খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) কার্যক্রম পরিচালনার জন্য ওএমএস ডিলার নিয়োগ।**

সারাদেশে নিম্ন-আয়ের মানুষকে স্বল্প মূল্যে খাদ্য সহায়তা প্রদান এবং বাজার দর স্থিতিশীল রাখার লক্ষ্যে পাবলিক ফুড ডিষ্ট্রিবিউশন এর আওতায় খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) কার্যক্রমে চাল ও আটা বিক্রয় চলমান রয়েছে। এ কার্যক্রমের পরিধি অধিকতর স্বচ্ছ, গতিশীল ও জনবান্ধব করার লক্ষ্যে খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০১৫ বাতিলক্রমে খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ জারি করা হয়েছে। সারাদেশে ওএমএস কার্যক্রম পরিচালনার লক্ষ্য বর্তমানে নিয়োজিত ডিলারগণের ডিলারশিপ এতদ্বারা বাতিল করা হলো। খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ অনুসারে ওএমএস কার্যক্রম পরিচালনার জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

(১) খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ অনুসারে ওএমএস ডিলার নিয়োগ করতে হবে; খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ অনুসারে ওএমএস ডিলার নিয়োগ না হওয়া পর্যন্ত বর্তমানে নিয়োজিত ডিলারগণ দ্বারা ওএমএস কার্যক্রম পরিচালিত হবে,
(২) খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ অনুসারে নিয়োগকৃত ওএমএস ডিলারগণ কার্যক্রম শুরুর দিন হতে বর্তমানে নিয়োজিত ডিলারগণের ডিলারশিপ কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে;
(৩) খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ অনুসারে নিয়োগপ্রাপ্ত ওএমএস ডিলারদের দ্বারা সারাদেশে একযোগে ১লা ডিসেম্বর ২০২৪ থেকে ওএমএস কার্যক্রম শুরু করা হবে;
(৪) সংশ্লিষ্ট ওএমএস কমিটি কর্তৃক ওএমএস ডিলার নিয়োগের লক্ষ্যে আবশ্যিকভাবে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে;
(৫) মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত নির্ধারিত বিক্রয় কেন্দ্র/ওএমএস কেন্দ্রের বিপরীতে মহানগর এলাকায় ১.৫ গুন, জেলা সদর পৌরসভা ও শ্রমঘন এলাকায়/উপজেলায় ১.৩ গুন, উপজেলা সদর ও উপজেলা সদর বহির্ভূত পৌরসভায় ৬ জন এবং অন্যান্য উপজেলায় ৩ জন করে ডিলার নিয়োগ করা যাবে (বিক্রয় কেন্দ্রের তালিকা সংযুক্ত)। উপর্যুক্ত পন্থায়/হারে ডিলার নিয়োগ করার ফলে জেলা সদর পৌরসভা ও সিটি কর্পোরেশন এলাকায় ওয়ার্ড ভিত্তিক ডিলার নিয়োগ প্রাপ্ত না হলে অর্থাৎ ওয়ার্ড সংখ্যা থেকে ডিলার সংখ্যা কম হলে ওয়ার্ড ভিত্তিক ডিলার নিয়োগ করা যাবে। তবে দৈনিক মোট বরাদ্দ/বিক্রয় কেন্দ্র অপরিপবর্তীত থাকবে;
(৬) আবেদনকারী যে বিক্রয় কেন্দ্রের জন্য ডিলার হতে আগ্রহী আবেদন পত্রে সেই বিক্রয় কেন্দ্রের স্থান উল্লেখ করতে হবে; সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং/ আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক কার্যালয় হতে আবেদন পত্রের সাথে বিক্রয় কেন্দ্রের তালিকা সরবরাহ করতে হবে;
(৭) যোগ্যতা বিবেচনায় নিয়ে নীতিমালার আলোকে ওএমএস ডিলার নিয়োগ প্রক্রিয়া সম্পাদন করতে হবে।
(৮) একটি বিক্রয় কেন্দ্রের বিপরীতে নির্ধারিত সংখ্যার চেয়ে অধিক ডিলার প্রার্থী হলে যোগ্য আবেদনকারীদের উপস্থিতিতে লটারির মাধ্যমে ডিলার নির্বাচন করতে হবে;
(৯) বর্তমানে নিয়োজিত ডিলারগণ খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা-২০২৪ অনুসারে ওএমএস ডিলার হিসেবে নিয়োগ লাভের জন্য আবেদন করতে পারবেন;

(১০) ওএমএস বিক্রয় কেন্দ্রের স্থান নির্বাচনকালে জনবহুলতা ও দরিদ্র মানুষের ঘনবসতিকে অগ্রাধিকার দিতে হবে; সাধারণ জনগণের দৃষ্টি গোচরিভুত হয় এমন স্থান বিক্রয় কেন্দ্র হিসেবে নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে। নির্বাচিত বিক্রয় কেন্দ্রের তালিকা খাদ্য অধিদপ্তর ও খাদ্য মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;

(১১) প্রাকৃতিক পরিবেশ অনুকূলে থাকলে এলাকার চাহিদার প্রেক্ষিতে, প্রয়োজনে ওএমএস কমিটি ওএমএস বিক্রয় কেন্দ্রের স্থান পরিবর্তনের লক্ষ্যে বিক্রয় দিবসের পূর্বে দৈনন্দিন তালিকা প্রণয়ন করে ওএমএস এর খাদ্যশস্য বিক্রয়ের জন্য ডিলারদের নির্দেশনা প্রদান করতে পারবেন। পরিবর্তীত বিক্রয় কেন্দ্রের তালিকা পূর্বের বিক্রয় কেন্দ্রের স্থানে এবং পরিবর্তীত বিক্রয় কেন্দ্রের স্থানে উপকারভোগীদের জ্ঞাতার্থে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(১২) নীতিমালা মোতাবেক ওএমএস ডিলারকেই খাদ্যশস্য উত্তোলন করতে হবে। তবে জরুরী প্রয়োজনে ডিলারের প্রতিনিধির মাধ্যমে খাদ্যশস্য উত্তোলন করতে হলে ওএমএস কমিটির সদস্য সচিবের দপ্তরে প্রতিনিধির প্রয়োজনীয় তথ্যাদি দাখিল করে অনুমতিপত্র গ্রহণ করতে হবে। তবে ডিলার সপ্তাহে ০৩ (তিন) দিনের বেশি প্রতিনিধি দিয়ে ওএমএস এর খাদ্যশস্য উত্তোলন করতে পারবে না;

(১৩) অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৮ জুলাই ২০২০ তারিখের ৭৫০ নম্বর স্মারক এবং ০৪ ডিসেম্বর ২০২২ তারিখের ৩০৮ নম্বর স্মারক অনুযায়ী সরকার নির্ধারিত পরিচালন ব্যয় ব্যতীত খাদ্যশস্যের মূল্য বিক্রয় দিনের কমপক্ষে ০১ (এক) দিন পূর্বে ট্রেজারি চালানের মাধ্যমে নির্ধারিত খাতে জমা প্রদান করে ডিলার খাদ্যগুদাম থেকে খাদ্যশস্য উত্তোলন করবেন। খাদ্যশস্য মূল্য ও পরিচালন ব্যয় সরকার কর্তৃক সময়ে সময়ে পরিবর্তিত হলে পরিবর্তিত মূল্যে খাদ্যশস্য উত্তোলন ও বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(১৪) ডিলার নিয়োগের আবেদন ফরম বিক্রয় বাবদ প্রাপ্ত অর্থ খাদ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কোড "১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯ অন্যান্য আদায়" খাতে জমা প্রদান করতে হবে;

(১৫) উত্তোলিত মালামাল ওএমএস কমিটি কর্তৃক নির্বাচিত বিক্রয়কেন্দ্রসমূহে সকাল ৯.০০ হতে ৫.০০ পর্যন্ত সময়ে বিক্রির ব্যবস্থা করতে হবে;

(১৬) বিভাগীয় সদর বর্হিভুত সিটি কর্পোরেশন এলাকায় সংশ্লিষ্ট জেলা কমিটি দায়িত্ব পালন করবে।

০২। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: কেন্দ্রের তালিকা, স্মারক- 750, এবং স্মারক- 308 ।


১৭-১০-২০২৪
কুল প্রদীপ চাকমা
উপসচিব
+৮৮০২৯৫১৪৬১৬ (ফোন)
+৮৮০২৯৫১৪৬৭৮ (ফ্যাক্স)
dssupply1@mofood.gov.bd


**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ ;
২। অতিরিক্ত সচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়;
৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
৪। বিভাগীয় কমিশনার (সকল);
৫। যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়;
৬। জেলা প্রশাসক (সকল);
৭। উপসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়;
৮। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয় এবং

৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

১৭-১০-২০২৪
কুল প্রদীপ চাকমা
উপসচিব

**সকল সংযুক্তিসমূহ:**

(১) কেন্দ্রের তালিকা
(২) স্মারক- 750
(৩) স্মারক- 308